# উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভার হাজিরা সীট

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সময় : ১২-৩০ টা, তারিখ : ০৩-০২-২০২৫ খ্রি:

| ক্র: নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | এন, এম,ইশফাকুল কবীর | প্রশাসক (অ.দা.) | সভাপতি | |
| ২ | বিবেকানন্দ রায় | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. | সদস্য | |
| ৩ | মোঃ মোখলেসুর রহমান চৌধুরী | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. | সদস্য | |
| ৪ | সনাতন চন্দ্র রায় | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. | সদস্য | |
| ৫ | মোঃ খালেদ মোশারফ | ভা: উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য সচিব | 3.02.25 |

## পীরগঞ্জ উপজেলার (স্থায়ী) মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : এন, এম ইশফাকুল কবীর
প্রশাসক(অ: দা:)
উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও
তারিখ : ০৩/০২/২০২৫খ্রি.
সময় : বেলা ১২.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও

**সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট – 'ক' ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট – 'খ'**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরুপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অত:পর মৎস্য দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২৪খ্রি: ও জানুয়ারি/২৫খ্রি: মাসে ৪৪ (চুয়াল্লিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ১৫ (পনেরো) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ(BMDA) কর্তৃক পালিগাঁও বিল মৎস্য অভয়াশ্রম পুন:খনন কার্যক্রম অব্যাহত রয়েছে। পুন:খননের সময় মৎস্য অভয়াশ্রম তথা মাছের যেন ক্ষতি না হয়, সেজন্য বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। পুন:খনন/সংস্কার ও নালা খননের(Drainage System) মাধ্যমে যাতে বিল তথা প্রাকৃতিক জলাশয়ের মাছ/জলজ জীববৈচিত্র্য(Fish/Aquatic Biodiversity) এবং জলজ বাস্তুতন্ত্র (Ecosystem) যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষে তিনি আরও জানান যে, শীতকালে মাছকে অতিমাত্রায় ঠান্ডা (Cold Shock) থেকে রক্ষার জন্য পুকুরের পানির গভীরতা বৃদ্ধি(০৬ ফুট) করতে হবে। পাশাপাশি সার প্রয়োগ বন্ধ রাখতে হবে এবং সূর্যালোকে পুকুরের পানি গরম হলে সীমিত মাত্রায় (মাছের দেহের ওজনের ১-২%) ভাসমান পিলেট খাদ্য প্রয়োগ করতে হবে। মাছ না খেলে পুকুরে খাদ্য প্রয়োগ করা যাবে না। চেয়ারম্যান, সৈয়দপুর ইউনিয়ন মাছের গুণগতমানের পোনা প্রাপ্তি বিষয়ে কথা বলেন। সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার ও নিবন্ধিত প্রতিষ্ঠিত বেসরকারি মৎস্য হ্যাচারি থেকে মাছের গুণগতমানের রেণু পোনা/ চারা পোনা সংগ্রহের পরামর্শ দেয়া হয়। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১) চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।<br><br>২) বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ(বিএমডিএ) কর্তৃক বিল/জলাশয় ভারসাম্যপূর্ণ/টেকসই উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।<br><br>৩) মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো(Fixed Engine) অপসারণে ব্যবস্থা নিতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও |

CS CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০২/২৫

(এন, এম ইশফাকুল কবীর)
প্রশাসক (অ: দা:)
ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি (স্থায়ী)
উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও
fisheries.pirganj.thakurgaon.gov.bd

পত্র নং: ৩৩.০২.৯৪৮২.৫০১.৩৪.০০১.১৪.২৩(১)/১(১৬)

তারিখ: ২০ মাঘ ১৪৩১ / ০৩ ফেব্রুয়ারি ২০২৫

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর;
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর;
০৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও;
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও;
০৬। জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও;
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও;
০৮। প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
০৯। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
১০। উপজেলা ....................................কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
১১। চেয়ারম্যান ,.......................................ইউ,পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
১২। জনাব ,.......................................।

০৬.০২.২৫

(মো: খালেদ মোশারফ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি (স্থায়ী)
উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও
মোবাইল নং: ০১৭৬৯-৪৫৯৭৮৭
sufopirganj@fisheries.gov.bd

CamScanner